

ব্রাউন হেয়ার ব্লু আই
খাঁটি অজির সংজ্ঞা তাই

সোনালী চুলে রূপের ঝলক
সরেনা চোখ পড়েনা পলক

স্বপ্ন বসন ওদের বেশ
ক্রনেট কিংবা ব্লন্ড কেশ

পরনে শর্টস্ উদাম বুক
বর্ণালী ঠোঁট হাসি মুখ

লজ্জা নহে নারীর ভূষণ
মুখে সিগারেট বায়ু দূষণ

চোখে চশমা পায়ৈ থং
আধুনিকা দেখায় ঢং

সামারে বীচে বিকিনি পরে
সুইমিং আর ট্যানের তরে

স্কিনি দেহ সিক্স ফিট
খেলাধুলায় সুপার হিট

রাইচ, র্যাচেল, স্যাম, ক্যাথি
জগৎ জোড়া ওদের খ্যাতি

চালায় গাড়ি চালায় রেল
ইয়টে জেসিকার বিশ্বখেল

পুলিশ ফোর্স ডিফেন্স জব
সম শক্তিতে পারে সব

বার, পাব, ঘোড়ার পিঠ
সকল পেশায় ওরা ফিট

সন্ধ্যা হলেই ঘরে ফেরা
ওদের নেইকো কোন তাড়া

ছুতায় নাতায় করেনা মাইন্ড
ব্যবহারে খুবই কাইন্ড

কুকুর সদাই ওদের সাথী
সন্তানের চেয়ে প্রিয় অতি

হালাল হারাম সর্বভুক
লিভ টুগেদারে স্বর্গ সুখ

উষ্ণ কাডল কঠিন হাগ
অনুভবে অনুরাগ

ঠোটে ঠোটে ওপেন কিসিং
কদিন বাদে আশিক মিসিং

ভিন্ন দৃষ্টি মনের অমিল
ছাড়ে সখা ভাঙ্গে দিল

পোশাকের মত বন্ধু বদল
এটাই সত্য এটাই আদল।

সিডনি, ১০/০৬/২০১০